দৈনিক
ইত্তেফাক

24 MAY 2017

# অভিযুক্ত পরীক্ষক সাময়িক বরখাস্ত

## রাবি হলে এইচএসসির উত্তরপত্র

■ **স্টাফ রিপোর্টার, রাজশাহী**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) মন্নুজান হলের গণরুম থেকে সদ্য সমাপ্ত উচ্চ মাধ্যমিক পরীক্ষার (এইচএসসি) উত্তরপত্র উদ্ধারের ঘটনায় সংশ্লিষ্ট বিষয়ের পরীক্ষক, রাজশাহী নিউ গভ: ডিগ্রি কলেজের ইসলামের ইতিহাস বিভাগের অধ্যাপক আবুল কালামকে পরীক্ষক পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত (সাসপেন্ড) করা হয়েছে। মঙ্গলবার বিকালে বিষয়টি নিশ্চিত করেন রাজশাহী শিক্ষাবোর্ডের সচিব আনারুল হক প্রামাণিক।

আনারুল হক বলেন, 'দায়িত্ব ও কর্তব্যে অবহেলার অভিযোগে নিউ গভঃ ডিগ্রি কলেজের অধ্যাপক আবুল কালামকে পরীক্ষক পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। তবে শাহ্ মখদুম কলেজের প্রভাষক মাহমুদুল হাসানের ব্যাপারে কোন সিদ্ধান্ত নেওয়া হয়নি।' এদিকে ঘটনা তদন্তে সকালে রাজশাহী কলেজের অধ্যক্ষ অধ্যাপক মহা. হবিবুর রহমানকে প্রধান করে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেছে রাজশাহী শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ।

উল্লেখ্য, গত সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের মন্নুজান হলের গণরুম থেকে রাজশাহী শিক্ষা বোর্ডের ইসলামের ইতিহাস (২৬৮ নং কোর্ডের) উত্তরপত্র উদ্ধার করেন প্রক্টর। উত্তরপত্রগুলোর পরীক্ষক ছিলেন নিউ ডিগ্রি গভঃ কলেজের ইসলামের ইতিহাস বিভাগের শিক্ষক ড. আবুল কালাম। রাতেই আবুল কালামকে বোর্ডে ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়। পরে তাকে পুলিশে দেওয়ার কথা থাকলেও রহস্যজনক কারণে ছেড়ে দেওয়া হয়।